

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৯০৮

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ১৫. প্রথম অনুচ্ছেদ - তাশাহুদ

بَابُ التَّشَهُّدِ

আরবী

وَعَن عبد الله بن الزبير قَالَ: كَانَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ إِذَا قَعَدَ يَدْعُو وَضَعَ يَدَهُ الْيُسْرَى عَلَى فَخِذِهِ الْيُسْرَى وَأَشَارَ بِأُصِبُعِهِ السَّبَّابَةِ وَوَضَعَ إِبْهَامَهُ عَلَى أُصِبُعِهِ الْوُسْطَى ويلقم كَفه الْيُسْرَى ركبته. رَوَاهُ مُسلم

বাংলা

৯০৮-[৩] 'আবদুল্লাহ ইবনুয্ যুবায়র (রাঃ)হতে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাশাহুদ অর্থাৎ- আত্তাহিয়্যাতু পড়ার জন্য বসলে নিজের ডান হাত ডান রানের উপর এবং বাম হাত বাম রানের উপর রাখতেন। শাহাদাত আঙ্গুল উঠিয়ে ইশারা করতেন। এ সময় তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) বৃদ্ধা আঙ্গুল মধ্যমা আঙ্গুলের নিকটে রাখতেন। বাম হাতের তালু দিয়ে বাম হাঁটু জড়িয়ে ধরতেন। (মুসলিম)[1]

ফুটনোট

[1] সহীহ: মুসলিম ৮৭৯।

ব্যাখ্যা

व्याचा: (وَيُلْقَمُ كَفَّهُ الْيُسْرِي رُكْبَتَه) _ वाम शालत जालू वाम शँपूरक अिंद्रा धतता

ইবনু হাজার বলেন ইতিপূর্বে যে হাদীসগুলো বর্ণিত হয়েছে সেগুলোর সাথে এই হাদিসের কোন মতবিরোধ নেই তথা অন্য হাদীসে এসেছে হাতের তালু রানের উপর রাখবে আর এ হাদীসে হাঁটুর উপর রাখার কথা বলা হয়েছে সুন্নাত হলো তালুর পেটকে হাঁটুদ্বয়ের কাছাকাছি রানের উপর রাখবে, এমনভাবে আঙ্গুলের মাথাসমূহ হাঁটুর উপর প্রসারিত হয়েছে আর এটাই হচ্ছে সুন্নাতের পরিপূর্ণতা।



ইমাম নাবাবী বলেন, 'উলামাগণের ইজমা হয়েছে যে, বাম হাত বাম হাঁটুর নিকট বা বাম হাঁটুর উপর রাখা মুস্তাহাব। আর কেউ কেউ বলেছেন, আঙ্গুলসমূহ হাঁটুর উপর রাখবে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন